জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

নং- ২০.০৭.০০০০.০০৫.১১.০১৯.১৯- ৮১১

তারিখঃ ২১ কার্তিক, ১৪২৬
০৬ নভেম্বর, ২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগের পত্র নং-২০.৭৩১.০১৮.৩১.০৪.০৬৬.২০১০ (অংশ-১)-১৬৩, তারিখ- ১৫ মে, ২০১৯ খ্রিস্টাব্দ, ০১ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), ৩/এ, নীলক্ষেত, ঢাকা-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃনং | পদের নাম, গ্রেড ও জাঃ বেঃ স্কেল-২০১৫ | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | গবেষণা কর্মকর্তা গ্রেড-৯ (২২০০০-৫৩০৬০) | ০১টি | ১৮-৩০ বছর | যে কোন বিষয়ে ১ম শ্রেণির স্নাতকোত্তর, বা ২য় শ্রেণির সম্মান সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী, তবে অর্থনীতি, পরিসংখ্যান, সমাজ বিজ্ঞান, মনোবিজ্ঞান, লোক প্রশাসন, কৃষি, শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল, বাণিজ্য, ইঞ্জিনিয়ারিং, এম.বি.বি.এস, ব্যবসায় প্রশাসন, উন্নয়ন পরিকল্পনা এবং কম্পিউটার সায়েন্সে ডিগ্রীধারীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবে। |
| ০২ | ক্যাটালগার গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০) | ০১টি | ১৮-৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক/ডিপ্লোমাসহ যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী। | |
| ০৩ | হিসাবরক্ষক কাম কোষাধ্যক্ষ গ্রেড-১৩ (১১০০০- ২৬৫৯০) | ০১টি | ১৮-৩০ বছর | বাণিজ্য, অংক, হিসাব বিজ্ঞান অথবা ব্যবসায় প্রশাসনে স্নাতক ডিগ্রী। তবে হিসাবরক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদেরকে অগ্রাধিকার প্রদান করা হইবে। | |
| ০৪ | সাঁটমুদ্রাক্ষরিক গ্রেড-১৪ (১০২০০- ২৪৬৮০) | ০১টি | ১৮-৩০ বছর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ ইংরেজি ও বাংলা সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৮০ ও ৬০ শব্দ এবং মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ৩০ ও ২৫ শব্দ গতি সম্পন্ন হইতে হইবে। | ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, নেত্রকোণা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, যশোর, বরিশাল ও পটুয়াখালী জেলার প্রার্থীদের জেলা কোটা না থাকায় আবেদন করার প্রয়োজন নেই। |
| ০৫ | হিসাব সহকারী গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০১টি | ১৮-৩০ বছর | বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট সনদ এবং কম্পিউটার অপারেটিং এ অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ০৬ | অভ্যর্থনাকারী কাম-টেলিফোন অপারেটর গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ০১টি | ১৮-৩০ বছর | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। | |
| ০৭ | অফিস সহায়ক গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০১টি | ১৮-৩০ বছর | ৮ম শ্রেণি পাশ | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১. ১১.১২.২০১৯ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

Hasan

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://napd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ: (i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১১.১১.২০১৯ খ্রিঃ , সকাল- ১০:০০ টা। (ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১/১২/২০১৯খ্রিঃ , বিকাল- ০৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ এর জন্য ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৪/- টাকাসহ মোট ২২৪/-(দুইশত চব্বিশ) টাকা এবং ক্রমিক নং ০২ থেকে ০৭ পর্যন্ত ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: NAPD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: NAPD ABCDEF**

Reply: Applicant's Name, TK-224/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NAPD<Space>Yes<Space>PIN and send to 16222. *দ্বিতীয়* SMS: NAPD <space>Yes<space>PIN *লিখে*Send *করতে হবে* 16222 *নম্বরে।।*

**Example: NAPD YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ..... Application for post XXXXXXXxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://napd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

Hasan

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।।

(i) User ID জানা থাকলে NAPD<space>Help<space>User<space>User ID, Send to 16222.

Example: NAPD Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:. NAPD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: NAPD Help PIN 12345678 & send to 16222.

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং১-৬) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়্যারম্যান/পৌরসভার মেয়র কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।।

৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

৪. ইউনিয়ন পরিষদের চেয়্যারম্যান/পৌরসভার মেয়র কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৫. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

৬. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

৫. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য এনএপিডি'র ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৯. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

পরিচালক (প্রশাসন ও অর্থ)
এনএপিডি